

নবীন বরণ ও মাদকবিরোধী আলোচনা সভা অনুষ্ঠিত



৮ মার্চ ২০২০-রবিবার জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরামের আয়োজনে এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উদ্যোগে ‘মুজিব বর্ষের অঙ্গীকার মাদক করবো পরিহার’ স্লোগানকে সামনে রেখে নবীন বরণ ও মাদকবিরোধী আলোচনা সভা বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে অনুষ্ঠিত হয়।

জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরামের সভাপতি মোঃ নাজমুল হুদার সভাপতিত্বে অনুষ্ঠানে মোটিভেশনাল বক্তব্য প্রদান করেন ট্রেজারার অধ্যাপক ড. কামালউদ্দীন আহমদ, প্রক্টর ড. মোস্তফা কামাল, রেজিস্ট্রার প্রকৌশলী মোঃ ওহিদুজ্জামান এবং ঢাকা মেট্রোপলিটন পুলিশের উপ পুলিশ কমিশনার জনাব ইফতেখায়রুল ইসলাম এবং প্রধান বক্তব্য প্রদান করেন মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের উপ পরিচালক শ্রী মুকুল জ্যোতি চাকমা। এছাড়াও জগন্নাথ বিশ্ববিদ্যালয় মাদকবিরোধী ফোরামের উপদেষ্টা অধ্যাপক ড. রবীন্দ্রনাথ মন্ডল

অনুষ্ঠানে স্বাগত বক্তব্য দেন এবং অংশগ্রহনকারী সকলকে মাদকবিরোধী শপথ পাঠ করান।

এসময় বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন বিভাগের শিক্ষক-শিক্ষিকা এবং শিক্ষার্থীবৃন্দ উপস্থিত ছিলেন। অনুষ্ঠানে নবীন সদস্যদের বরণ, বড় পর্দায় প্রামাণ্যচিত্র প্রদর্শনী, সাংস্কৃতিক অনুষ্ঠানের পাশাপাশি কুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় এবং বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়।